সংবাদ

তারিখ ... 29 JAN 2008 ...
পৃষ্ঠা 12 কলাম 3

43

Report

# ছাত্রের কান টেনে ছিঁড়েই ফেললেন ক্ষুব্ধ শিক্ষক

জেলা বার্তা পরিবেশক, সিরাজগঞ্জ

এবার ছাত্রকে শাস্তি দিতে গিয়ে তার কানের অংশবিশেষ টেনে ছিঁড়ে ফেলেছেন এক ক্ষুব্ধ শিক্ষক। গতকাল সোমবার সকালে সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলায় নিমগাছি হাই স্কুলে এ ঘটনা ঘটে। সকাল ১১টায় স্কুলের এসেম্বলি চলাকালে ষষ্ঠ শ্রেণীর ছাত্র রাকিবুল অসৌজন্যমূলক আচরণ করে। এতে সহকারী ক্ষুব্ধ : পৃঃ ২ কঃ ৭

## ক্ষুব্ধ : শিক্ষক

(১২ পৃষ্ঠারপর)

শিক্ষক বদিউজ্জামান ক্ষুব্ধ হন। তিনি ছাত্র রাকিবুলের কান জোরে টান দিলে সেটির অংশবিশেষ ছিঁড়ে যায়। বিব্রতকর অবস্থা সৃষ্টি হলে স্থানীয় ডাক্তার দিয়ে রাকিবুলের চিকিৎসা করানো যায়। খবর পেয়ে ছাত্রের পিতা ফিরপোতা গ্রামের সাইদুলসহ অন্যরা স্কুলে এলে শিক্ষকের সঙ্গে তুমুল বাকবিতণ্ডা হয়। এ সময় আহত ছাত্রের স্বজনরা শিক্ষককে লাঞ্ছিত করে। এতে স্কুলের অন্য ছাত্ররা প্রতিবাদে ফেটে পড়ে। তারা স্কুল প্রাঙ্গণে মিছিল করে। এক পর্যায়ে সাইদুলের বাড়ি কিছু সময়ের জন্য অবরোধ করে রাখে তারা। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।